



দুর্নীতি দমন কমিশন

ঢাকা, বাংলাদেশ

“সবাই মিলে গড়ব দেশ,
দুর্নীতি মুক্ত বাংলাদেশ”

স্মারক নং- দুদক/প্রতিরোধ/সততা স্টোর/৪৩/১৬/(অংশ-২)/১৬৩৯১(১০৬)

তারিখ: ১৭/০৫/২০১৮ খ্রি.

বিষয়: “সততা স্টোর” গঠনের লক্ষ্যে সার্বিক সহযোগিতা প্রদান।

দুর্নীতি দমন কমিশন আইন ২০০৪ এর ১৭ (ট) ধারা অনুযায়ী দুর্নীতি প্রতিরোধে তরুণ প্রজন্মের মাঝে সততা ও নিষ্ঠাবোধ সৃষ্টি করা এবং দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা গড়ে তোলার লক্ষ্যে দেশব্যাপী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের নিয়ে ইতোমধ্যে “সততা সংঘ” গঠিত হয়েছে। ছাত্র-ছাত্রীদের মাঝে নৈতিকতা ও সততা চর্চার লক্ষ্যে নিয়মিত সততা শিক্ষা ও এর প্রয়োগ আবশ্যিক মর্মে কমিশনের নিকট প্রতীয়মান হয়েছে। এক্ষেত্রে মহানগর/জেলা/উপজেলার স্কুলে ছাত্র-ছাত্রীদের মধ্যে নৈতিক শিক্ষা চর্চার লক্ষ্যে পরীক্ষামূলক বিক্রেতাবিহীন “সততা স্টোর” চালু করা হলে শিক্ষার্থীদের মাঝে নৈতিকতা চর্চার ক্ষেত্র সৃষ্টি হতে পারে। এ লক্ষ্যে মাধ্যমিক পর্যায়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে “সততা স্টোর” স্থাপন, চালু ও ব্যবস্থাপনার বিষয়ে দুর্নীতি দমন কমিশন একটি নীতিমালা প্রণয়ন করেছে (নীতিমালার কপি সংযুক্ত)। উক্ত নীতিমালা অনুসরণে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ কর্তৃক এমন উদ্যোগ গৃহীত হলে তা সমাজের সকল ক্ষেত্রে সততায় নজীর সৃষ্টি করতে পারে। উল্লেখ্য, উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা, জেলা ও মহানগরের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক কোনো কর্মকর্তা সংশ্লিষ্ট মহানগর/জেলা/উপজেলার দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি/সম্পাদক বা তার মনোনীত ও সংশ্লিষ্ট স্কুলের প্রধান শিক্ষকের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট মনিটরিং কমিটি গঠনের বিধান রাখা হয়েছে।

০২। এমতাবস্থায়, উক্ত নীতিমালা অনুযায়ী আপনার আওতাধীন জেলাসহ সমগ্র দেশব্যাপী দুর্নীতি দমন কমিশন, উন্নয়ন সহযোগী বা স্থানীয় অর্থায়নে প্রচুর শিক্ষাপ্রতিষ্ঠানের সততা স্টোর স্থাপন করা হয়েছে। উল্লিখিত সততা স্টোরসমূহ সুষ্ঠুভাবে পরিচালিত হওয়ার ক্ষেত্রে আপনার সর্বাত্মক ও নিবিড় সহযোগিতা এবং সার্বিক তদারকি প্রত্যাশা করা হচ্ছে।

সংযুক্তি: নিয়মাবলী- ০২ (দুই) প্রস্থ।

জেলা প্রশাসক

.....।

(মোহাম্মদ মুনীর চৌধুরী)

মহাপরিচালক (প্রতিরোধ)

ফোন: ৯৩৫৮৯৫১

Email: dg.prevention@acc.org.bd.

অনুলিপি:

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
২. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৩. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল।
৪. সিস্টেম এনালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয় (সকল).....।
৬. চেয়ারম্যান- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৭. কমিশনার অনুসন্ধান/তদন্ত -এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় কমিশনার অনুসন্ধান/তদন্ত মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৮. সচিব- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় সচিব মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।